# সত্যের ভিত্তিমূল



Cornerstones of Truth - Bengali
CS 3131

# সত্যের ভিত্তিমূল

# Cornerstones of TRUTH

## বাইবেলের মতবাদ শিক্ষা

### নিজে পড়ে শেখার উপযোগী একখানি পাঠ্য পুস্তক


লেখক ঃ ফ্লয়েড সি, উডওয়ার্থ, জুনিয়র
এবং
ডেভিড ডি, ডানকান

অনুবাদ ঃ স্টিফেন পি, ঢালী

সম্পাদনায় ঃ সাইলাস এম, নাথ

আই, সি, আই, এর প্রধান কার্যালয়ের সহকর্মীদের সহযোগিতায় প্রস্তুত ঃ
বিশেষ পরামর্শদাতা ঃ টেরি ডি, ইয়ংকার


---


ইন্টারন্যাশনাল করসপণ্ডেন্স ইনস্টিটিউট
৪০১/১ নিউ ইস্কাটন রোড, ঢাকা-২
বাংলাদেশ।

প্রকাশনায় ঃ
ইন্টারন্যাশনাল করস্পণ্ডেস ইন্স্টিটিউট
৪০১/১ নিউ ইস্কাটন রোড,
পোষ্ট বক্স-৭০০, ঢাকা-২
বাংলাদেশ।

সর্বস্বত্ব সংরক্ষিত
ছাপা ১০০০ কপি
১৯৮৭ ইং

CORNERSTONES OF TRUTH
1987
All Rights Reserved
International Correspondence Institute
Brussels, Belgium

Printed by Permission of I C I 1986.
Printed at 401/1 New Eskaton, Dhaka, Bangladesh.

মুদ্রণে ঃ এ্যাসেমব্লী প্রেস
৪০১/১ নিউ ইস্কাটন রোড,
ঢাকা-২, বাংলাদেশ।

CS 3131-BN

# সূচী পত্র


পৃষ্ঠা

ভূমিকা : ............................................. ৫

## প্রথম খণ্ড : সার্বভৌম ঈশ্বর

পাঠ :

১ম পাঠ : ঈশ্বর : তাঁর স্বভাব এবং স্বভাবগত বৈশিষ্ট্যগুলি ............................ ১৬

২য় পাঠ : ঈশ্বর : তাঁর নৈতিক বৈশিষ্ট্যসমূহ এবং কার্যাবলী ........................... ৫৪

৩য় পাঠ : খ্রীষ্ট : অদৃশ্য ঈশ্বরের দৃশ্যমান প্রকাশ ...... ৯০

৪র্থ পাঠ : পবিত্র আত্মা : একজন বিচক্ষণ প্রশাসক ......১২৬

## দ্বিতীয় খণ্ড : ঈশ্বরের প্রজাবর্গ

৫ম পাঠ : স্বর্গদূতগণ : অন্ধকারের সৈন্যদল এবং আলোর সৈন্যদল ..................... ১৬২

৬ষ্ঠ পাঠ : মানব জাতি : স্রষ্টার মানব প্রজাকুল ... ১৯৬

৭ম পাঠ : পাপ এবং পরিত্রাণ : সমস্যা এবং সমাধান ..২২৬

## তৃতীয় খণ্ড : ঈশ্বরের ব্যবস্থা

৮ম পাঠ : পবিত্র শাস্ত্র : ঈশ্বরের লিখিত আত্ম প্রকাশ .. ২৫৮

৯ম পাঠ : মণ্ডলী : ঈশ্বরের লোকদের সমাজ ..... ......২৯০

১০ম পাঠ : ভবিষ্যৎ : আত্ম প্রকাশ, পুরস্কার এবং বিশ্রাম ৩২২

গ্রন্থপঞ্জী : ........................................ ৩৬১

পরিভাষা : ........................................ ৩৬২

উত্তর মালা : ........................................ ৩৬৮

## ইন্টারন্যাশনাল করস্পণ্ডেন্স ইন্স্টিটিউট

## খ্রীষ্টিয় পরিচর্যা পাঠ্যক্রম ঃ

এই পাঠ্য বিষয়টি ইন্টারন্যাশনাল করসপণ্ডেন্স ইনস্টিটিউটের খ্রীষ্টিয় পরিচর্যা পাঠ্যক্রমের ১৮টি পাঠ্য বিষয়ের একটি। খ্রীষ্টিয় পরিচর্যা পাঠ্যক্রমকে মোট তিন ভাগে ভাগ করা হয়েছে এবং এর প্রতি ভাগে ছ'টি করে বিষয় আছে। "সত্যের ভিত্তিমূল" হচ্ছে প্রথম ভাগের তিন নম্বর বই। আপনি শুধুমাত্র এই বইটি পড়তে পারেন, অথবা একটি একটি করে পাঠ্যক্রমের সব বইগুলি পড়তে পারেন।

খ্রীষ্টিয় পরিচর্যা সিরিজের বইগুলি এমন ভাবে লেখা হয়েছে যাতে খ্রীষ্টিয়ান কার্যকারীরা নিজেরাই সেগুলি পড়ে শিখতে পারেন। এই পাঠ্য বিষয়টি পড়ে শেষ করলে একজন ছাত্র যেমন বাইবেলের জ্ঞান লাভ করবেন, তেমনি ব্যবহারিক জীবনে ও খ্রীষ্টিয় পরিচর্যা কাজে দক্ষ হয়ে উঠবেন। আপনি সার্টিফিকেট লাভের জন্য কিম্বা ব্যক্তিগত আত্মিক জীবনের উন্নতির জন্য এই বিষয়টি পড়তে পারেন।

## লক্ষ্য করুন ঃ

পাঠ্য বইয়ে দেওয়া প্রাথমিক নির্দেশগুলি ভালভাবে পড়ুন। নির্দেশগুলি মেনে চললে আপনি সহজেই পাঠ্য বিষয়ের মূল লক্ষ্য বা উদ্দেশ্যগুলি অর্জন করতে পারবেন। আর তাহলে ছাত্র রিপোর্ট লিখতে আপনার কোনই অসুবিধা হবে না।

কোর্স সম্পর্কে সকল চিঠিপত্র নীচের ঠিকানায় পাঠান ঃ

ইন্টারন্যাশনাল করসপণ্ডেন্স ইনস্টিটিউট
৪০১/১ নিউ ইস্কাটন রোড,
পোষ্ট বক্স ৭০০, ঢাকা-২,
বাংলাদেশ।

# ভূমিকা

## মতবাদ অধ্যয়ন কি ?

আধুনিক ভারতের জনক মহাত্মা গান্ধী কোন্ বিষয়গুলিকে বিংশ শতাব্দির অমঙ্গল বলে মনে করতেন ? বেনিতো জুয়ারেজ মেক্সিকোর মণ্ডলীকে রাষ্ট্র থেকে আলাদা করবার সিদ্ধান্ত নিয়েছিলেন কেন ?

এই বিষয়গুলি এবং অন্যান্য মহান লোকদের শিক্ষা সম্পর্কে জানতে হলে স্বাভাবিক ভাবেই তাদের সমস্ত কাজ সম্পর্কে পড়াশুনা করা আবশ্যক। গান্ধীর ক্ষেত্রে এজন্য আমাদের ৮০টি বই পাঠ করতে হবে। আমরা যদি একটি মাত্র বইয়ে তার সমস্ত শিক্ষা বিষয় অনুসারে সাজান পেতাম তাহলে কত না সহজ হত চিন্তা করে দেখুন।

বাইবেলে আলোচিত বহু বিভিন্ন বিষয়গুলি অধ্যয়ন করতে গিয়েও আমরা একই সমস্যার সম্মুখীন হই। আপনি সম্ভবতঃ ইতিমধ্যেই আবিষ্কার করেছেন যে, পবিত্র শাস্ত্রের শিক্ষাগুলি বিষয় অনুসারে সাজান হয়নি। উদাহরণ স্বরূপ আদি পুস্তকে কিম্বা বাইবেলের অপর কোন বইতেই আমরা ঈশ্বরের বিষয়ে পরিপূর্ণ ব্যাখ্যা পাই না।

এইজন্য, কোন একটি বিশেষ বিষয়ের সাথে সম্পর্কিত সমস্ত শিক্ষা লাভ করবার একটি গুরুত্বপূর্ণ পথ হোল সমগ্র বাইবেল অধ্যয়ন করা। এ থেকে আমরা সহজেই সমগ্র ধারণাটি দেখতে পাই এবং প্রাপ্ত তথ্যাবলীকে যুক্তি সংগত পথে সাজাতে পারি। এটি হচ্ছে আমাদের জীবন ও চিন্তাধারাকে বাইবেলের নীতিমালার সাথে একই সূত্রে গ্রথিত করবার একটি ব্যবহারিক পদ্ধতি।

এই প্রকার বাইবেল অধ্যায়নের বিজ্ঞান সম্মত নাম হচ্ছে সুসম্বদ্ধ বা নিয়মানুগ ( ধারাবাহিক ) ধর্মতত্ত্ব। এই মহাবিশ্ব, এর

শাসনকর্তা, প্রজাবর্গ, এবং তাদের বিকাশের জন্য ঈশ্বরের মনোনীত কাঠাম সম্পর্কে শাস্ত্র কি শিক্ষা দেয়, তা অনুসন্ধানের কাজে আমরা এই পাঠে এই ধরণেরই একটি পরিকল্পনা অনুসরণ করব। তাছাড়া বাইবেল ভবিষ্যৎ সম্পর্কে কি বলে তাও আমরা আবিষ্কার করব।

গুরুত্বপূর্ণ বিষয়গুলি সম্পর্কে ধারাবাহিক ভাবে শাস্ত্রীয় শিক্ষা অনুসন্ধান করবার দ্বারা আমরা ঈশ্বরের কাছ থেকে কি কি প্রত্যাশা করতে পারি এবং তিনি আমাদের কাছ থেকে কি কি আশা করেন, তা আমরা জানতে পারব। এর ফলে আমরা আত্মিক জীবনে বেড়ে উঠব।

## পাঠ্য বিষয়ের বিবরণ ঃ

**সত্যের ভিত্তিমূল ঃ বাইবেলের মতবাদ শিক্ষা** নামক পাঠ্য বিষয়টি হচ্ছে বাইবেলের মৌলিক মতবাদ বা শিক্ষা সম্পর্কে একখানি প্রাথমিক স্তরের ধারাবাহিক অধ্যয়ন। এর মধ্যে আলোচিত প্রধান বিষয়গুলি হোল ঈশ্বরের স্বরূপ, ঈশ্বরের কার্য, স্বর্গদূতগণের কার্যাবলী এবং তাদের সীমাবদ্ধতা, সৃষ্টি, মানুষের পতন, ঈশ্বরের উদ্ধার পরিকল্পনা, শাস্ত্র কিভাবে লেখা হয়েছিল, মণ্ডলী, এবং মানব জাতির জন্য ঈশ্বরের চূড়ান্ত পরিকল্পনা। এই পাঠ্য বিষয়টি হচ্ছে বাইবেলের শিক্ষা এবং বিশ্বাসীর জীবনে এর প্রয়োগ সম্পর্কে একখানি ব্যবহারিক মৌলিক অধ্যয়ন। বাইবেলের মহান প্রসঙ্গগুলি পুংখানুপুংখরূপে অনুসন্ধান ও সমর্থনের উদ্দেশ্যে বহু শাস্ত্রীয় দ্রষ্টব্য উল্লেখ করা হয়েছে।

## পাঠ্য বিষয়ের লক্ষ্যগুলি ঃ

এই পাঠ্য বিষয়টি পড়ে শেষ করলে পর আপনি—

১। ঈশ্বরের বিভিন্ন ব্যক্তিগণের ঐশ্বরিক ও ব্যক্তিগত বৈশিষ্টগুলি উল্লেখ করতে পারবেন।

২। মানব-সৃষ্টি, মানুষের পতন, এবং তাঁর সাথে মানুষের সহভাগিতা পুনঃ প্রতিষ্ঠার জন্য ঈশ্বরের প্রদত্ত সমাধান বর্ণনা করতে পারবেন।

৩। ভাল ও মন্দ দূতগণ এবং তাদের কার্যাবলী সম্পর্কে আমরা কি জানতে পারি-তা উল্লেখ করতে পারবেন।

৪। মণ্ডলীর বিভিন্ন উদ্দেশ্য ও কার্যাবলী এবং এর অনন্ত ভবিষ্যৎ সম্পর্কে ঈশ্বরের পরিকল্পনা ব্যাখ্যা করতে পারবেন।

৫। বাইবেলের সত্যের উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত বিশ্বাস ও আচরণের একটি মানদণ্ডের দ্বারা আপনার জীবনের সকল ক্ষেত্রগুলিকে পরিচালনা করবার সংকল্প নিতে পারবেন।

## পাঠ্য পুস্তক ঃ

এই কোর্সের জন্য আপনি ফ্লয়েড সি, উড ওয়ার্থ, জুনিয়র এবং ডেভিড ডি, ডানকান কর্তৃক লিখিত "সত্যের ভিত্তিমূল" নামক বইখানি মূল পাঠ্য পুস্তক এবং সাহায্যকারী বই এই উভয় পথে ব্যবহার করতে পারবেন। এর সাথে পড়বার জন্য আপনার দরকার হবে একখানি বাইবেল।

## পড়বার সময় ঃ

প্রত্যেকটি পাঠের জন্য ঠিক কত সময় আপনার লাগবে, তা কিছুটা নির্ভর করে পড়া আরম্ভ করবার আগে পাঠ্যবিষয় সম্পর্কে জ্ঞান ও পড়ার দক্ষতার উপরে। তাছাড়া, নিজে নিজে পড়ে শিখবার নীতিগুলি কতটুকু মেনে চলেছেন এবং এর ব্যবহারে আপনি কতটুকু দক্ষ তার উপরও সময়ের পরিমাণ নির্ভর করে। এমনভাবে পড়ার সময় ঠিক করে নেবেন, যেন লেখকের দেওয়া লক্ষ্যগুলিতে এবং আপনার ব্যক্তিগত লক্ষ্যগুলিতে পৌঁছাবার জন্য যথেষ্ট সময় পান।

## পাঠ কিভাবে সাজান হয়েছে এবং কিভাবে পড়তে হবে ঃ

প্রতিটি পাঠের মধ্যে আছে—( ১ ) পাঠের নাম, ( ২ ) ভূমিকা, ( ৩ ) পাঠের খসড়া, ( ৪ ) পাঠের লক্ষ্যগুলি, ( ৫ ) শিক্ষামূলক কার্যাবলী, ( ৬ ) মূল বা কঠিন শব্দাবলী, ( ৭ ) পাঠের বিস্তারিত বিবরণ ও শিক্ষামূলক প্রশ্নাবলী ( ৮ ) পাঠের শেষে পরীক্ষা এবং ( ৯ ) বইয়ের শেষভাগে পরীক্ষার উত্তরমালা।

পাঠের খসড়া এবং লক্ষ্যগুলি আপনাকে পাঠ্য বিষয় সম্পর্কে মোটামুটি একটা ধারণা দেবে। পড়বার সময় সবচেয়ে প্রয়োজনীয় বিষয়গুলির উপর এগুলি আপনার দৃষ্টি আকর্ষণ করবে এবং কি শিখতে হবে, তা আপনাকে বলে দেবে।

শিক্ষা মূলক প্রশ্নগুলির অধিকাংশের উত্তর এই বইতেই লিখতে পারবেন। কিন্তু বড় বড় উত্তর লিখবার জন্য একটি আলাদা নোট খাতা প্রয়োজন হবে। নোট খাতায় উত্তর লিখবার সময় পাঠের নম্বর ও পাঠের নাম লিখতে ভুলবেন না। তাহলে ছাত্র-রিপোর্ট তৈরীর সময় আপনার সুবিধা হবে।

বইয়ের উত্তর আগে দেখবেন না। প্রথমে নিজের উত্তর লিখুন, তারপর বইয়ের উত্তরের সাথে আপনার উত্তর মিলিয়ে দেখুন। এই-ভাবে মনে রাখতে পারবেন। কোন প্রশ্নের উত্তর ভুল লিখলে পরে সেটি সংশোধন করে লিখুন। বইয়ের উত্তরগুলি সংখ্যানুযায়ী পর পর দেওয়া হয়নি, যেন কোন প্রশ্নের উত্তর লিখবার আগেই ভুল করে আপনি সেই প্রশ্নের উত্তর দেখে না ফেলেন।

প্রশ্নগুলি খুবই প্রয়োজনীয়। এগুলি আপনাকে প্রতিটি পাঠের প্রধান বিষয়গুলি ( বা শিক্ষাগুলি ) মনে রাখতে এবং প্রাপ্ত শিক্ষা জীবনে প্রয়োগ করতে সাহায্য করবে।

## কিভাবে প্রশ্নগুলির উত্তর লিখবেন ঃ

এই বইয়ে বিভিন্ন প্রকার শিক্ষামূলক ও পরীক্ষামূলক প্রশ্ন দেওয়া হয়েছে। নীচে এদের কয়েকটি উদাহরণ এবং কিভাবে তাদের উত্তর দিতে হবে তা দেখান হয়েছে। এছাড়া অন্যান্য ধরণের প্রশ্নের জন্য সাহায্যকারী নির্দেশ থাকবে।

**সংক্ষিপ্ত উত্তরের** প্রশ্নগুলিতে আপনাকে কোন উক্তি পূর্ণ করে লিখতে বা ছোট একটি উত্তর লিখতে বলা হয়। এই প্রশ্নগুলিতে উত্তর লিখবার জন্য খালি জায়গায় দেওয়া হয়।

## উদাহরণ ঃ

১। গালাতীয়দের কাছে লেখা পত্রখানি কে লিখেছেন ?

…… · ……… প্রেরিত পৌল।……… ……… ……… ……

এখানে যেমন দেখান হয়েছে সেইভাবে আপনার বইয়ে খালি জায়গায় উত্তরটি লিখুন।

**বাছাই** প্রশ্নে আপনাকে প্রদত্ত বিভিন্ন উত্তরগুলির মধ্য থেকে নির্ভুল উত্তরটি বেছে বের করতে হবে।

## উদাহরণ ঃ

১। পুরাতন নিয়মে মোট—

ক) ৬৬টি বই আছে।

খ) ৩৯টি বই আছে।

গ) ২৭টি বই আছে।

এখানে নির্ভুল উত্তর হচ্ছে (খ) ৩৯টি বই আছে। এখানে যেমন দেখান হয়েছে সেইভাবে আপনার বইয়ে (খ) এর পাশে টিক চিহ্ন দিন।

১। পুরাতন নিয়মে মোট—

ক) ৬৬টি বই আছে।

✓খ) ৩৯টি বই আছে।

গ) ২৭টি বই আছে।

কোন কোন সময় এই ধরনের প্রশ্নে একটিরও বেশী নির্ভুল উত্তর থাকবে। সেক্ষেত্রে আপনাকে প্রতিটি নির্ভুল উত্তরে টিক চিহ্ন দিতে হবে।

**সত্য-মিথ্যা** প্রশ্নে আপনাকে বিভিন্ন উক্তিগুলির মধ্যে কোন্‌টি সত্য, তা দেখতে হবে।

## উদাহরণ ঃ

২। নীচের উক্তিগুলির মধ্যে কোন্‌টি কোন্‌টি সত্য ?

- ক) বাইবেলে মোট ১২০টি বই আছে।
- ✓খ) বাইবেলে বর্তমান কালের বিশ্বাসীদের জন্য বার্তা আছে।
- গ) বাইবেলের সব লেখকরাই হিব্রু ভাষায় তাদের বিবরণ লিখেছিলেন।
- ✓ঘ) পবিত্র আত্মা বাইবেলের লেখকদের অনুপ্রাণিত করেছিলেন।

উক্তিগুলির মধ্যে (খ) ও (ঘ) সত্য, তাই উপরের মত আপনাকে (খ) ও (ঘ) এ টিক চিহ্ন দিতে হবে।

**মিল দেখানোর** প্রশ্নে কোন্‌ কোন্‌ বিষয়ের মধ্যে মিল আছে তা আপনাকে দেখাতে হবে। যেমন কোন ব্যক্তির নামের সাথে তার বর্ণনার, অথবা বাইবেলের বইগুলির সাথে তাদের লেখকদের, ইত্যাদি।

## উদাহরণ ঃ

৩। ডান পাশে ব্যক্তিদের নাম এবং বাম পাশে তাদের কয়েকটি কাজ বর্ণনা করা হয়েছে, কোন্‌ ব্যক্তি কোন্‌ কাজ করেছিলেন তা দেখান। ( এখানে ব্যক্তির নামের সংখ্যাটি নিয়ে সঠিক বর্ণনার পাশের খালি জায়গায় বসাতে হবে। )

| | | |
|---|---|---|
| …১…ক) | সীনয় পর্বতে ঈশ্বরের দেওয়া আইন-কানুন বা ব্যবস্থা পেয়েছিলেন। | ১। মোশি<br>২। যিহোশূয় |
| …২…খ) | ইস্রায়েলকে নিয়ে যর্দন পার হয়েছিলেন। | |
| …২…গ) | যিরিহোর চারপাশে ঘুরেছিলেন। | |
| …১…ঘ) | ফরৌণের রাজ প্রাসাদে বাস করেছিলেন। | |

(ক) ও (ঘ) এর বর্ণনা মোশির সম্পর্কে এবং (খ) ও (গ) এই বর্ণনা যিহোশূয়ের সম্পর্কে। তাই উপরের মত আপনাকে (ক) ও (ঘ) এর পাশে ১ এবং (খ) ও (গ) এর পাশে ২ লিখতে হবে।

## এই কোর্স অধ্যয়নের বিভিন্ন উপায় ঃ

আপনি যদি আই, সি, আই-র এই পাঠ্য বিষয়টি নিজে নিজে অধ্যয়ন করতে চান, তাহলে ডাক যোগে আপনার সমস্ত কাজ সম্পন্ন করতে পারেন। পাঠ্য বিষয়টি এমন ভাবে তৈরী করা হয়েছে যেন নিজেই তা পড়ে শিখতে পারেন। তবুও ক্লাশে যোগ দিয়ে বা অনেকে মিলে দলগত ভাবেও তা অধ্যয়ন করতে পারেন। যদি এই ভাবে পড়েন তবে আপনার শিক্ষক এই বইয়ের শিক্ষা ছাড়াও অতিরিক্ত আরও কিছু কিছু বিষয় শিক্ষা দিতে পারবেন, যেগুলিও আপনাকে অবশ্যই মেনে চলতে হবে।

আপনি পারিবারিক বাইবেল পাঠের দলে, মণ্ডলীর বাইবেল ক্লাশে, অথবা কোন বাইবেল স্কুলে এই পাঠ্য বিষয়টি ব্যবহার করতে চাইতে পারেন। পাঠের বিষয়বস্তু এবং পাঠের নিয়ম-কানুন এদের যে কোন ক্ষেত্রে ব্যবহারের জন্য উপযোগী করে লেখা হয়েছে।

## ছাত্র-রিপোর্ট ঃ

আপনি নিজে নিজে, দলীয় ভাবে, কিম্বা ক্লাশে যোগ দিয়ে যেভাবে পড়েন না কেন, এই পাঠ্য বিষয়টির সাথে ছাত্র-রিপোর্টের প্রশ্ন ও উত্তরপত্র পাবেন। পাঠ্য বই ও ছাত্র-রিপোর্টের নির্দেশ অনুযায়ী আপনাকে এগুলি পূরণ করতে হবে। প্রতিটি ছাত্র-রিপোর্ট পূরণ করে সংশোধন ও মতামতের জন্য আই, সি, আই, শিক্ষকের কাছে পাঠিয়ে দেবেন।

## প্রত্যায়নপত্র (সার্টিফিকেট) ঃ

সাফল্যের সাথে এই কোর্সটি শেষ করবার পর শিক্ষক কর্তৃক আপনার ছাত্র-রিপোর্টগুলির উপযুক্ত মান নির্ণয়ের ভিত্তিতে আপনাকে একখানি প্রত্যায়নপত্র বা সার্টিফিকেট দেওয়া হবে।

## এই বইয়ের লেখকগণ ঃ

ফ্লয়েড সি, উডওয়ার্থ, জুনিয়র ১৯৫১ সাল থেকে একজন অভিষিক্ত পরিচারক হিসেবে কাজ করে আসছেন। বর্তমানে তিনি খ্রীষ্টিয়ান

ট্রেইনিং নেট-ওয়ার্ক এর শিক্ষা-সামগ্রীর সম্পাদক এবং ল্যাটিন আমেরিকান এ্যাডভান্সড স্কুল অব থিওলজীর অধ্যাপক। মিস্টার উডওয়ার্থ ১৯৬৩ সাল পর্যন্ত কিউবাতে কাজ করেছেন। ১৯৬৪ সালে তিনি দক্ষিণ আমেরিকার কলাম্বিয়াতে অবস্থিত সেন্ট্রাল বাইবেল স্কুলের পরিচালক হন। ১৯৭৩ সালে তাকে মেক্সিকোতে স্থানান্তর করা হয়। সেখানে তিনি উন্নত খ্রীষ্টিয় শিক্ষা কার্যক্রমের মাধ্যমে খ্রীষ্টিয় শিক্ষা সামগ্রী প্রস্তুতের কাজে নিয়োজিত হন, বর্তমানে যেটি খ্রীষ্টিয়ান ট্রেনিং নেট-ওয়ার্ক নামে পরিচিত।

মিস্টার উডওয়ার্থ মিসৌরীর সেণ্ট্রাল বাইবেল কলেজ এবং ওকলাহোমার বেথেনী পেনীয়েল কলেজে পড়াশুনা করেন। তিনি সেখান থেকে এ. বি. বা স্নাতক ডিগ্রী লাভ করেন। তিনি লস এঞ্জেলস্ এর ইউনিভার্সিটি অব সাউদার্ন ক্যালিফোর্নিয়া থেকে স্পেনীশ-আমেরিকান সাহিত্যে এম. এ ডিগ্রী লাভ করেন। বাইবেল স্কুলের শিক্ষক, পালক এবং সুখবর প্রচারক হিসেবে এক সমৃদ্ধ ও বিচিত্র অভিজ্ঞতা থেকে তিনি বইখানি লিখেছেন। বিভিন্ন সংস্কৃতির লব্ধ শিক্ষা তার লেখাকে এক বিশেষ বৈশিষ্ট্য ও অন্তর্দৃষ্টি দান করেছে।

ডেভিড ডানকান ১৭ বছর যাবৎ মিশনারী হিসেবে কাজ করে আসছেন এবং বর্তমানে তিনি ইন্টারন্যাশনাল করসপণ্ডেন্স ইন্‌স্টিটিউট এর শিক্ষা সামগ্রী প্রস্তুত কার্যে নিয়োজিত আছেন। আই-সি-আই এ আসবার আগে তিনি আট বছর কাল মার্শাল আইল্যাণ্ড কালভেরী বাইবেল ইনস্টিটিউটের অধ্যক্ষ হিসেবে কাজ করেছেন। তিনি ক্যালিফোর্নিয়া স্টেট ইউনিভার্সিটি থেকে বি, এ, ও এম, এ, ডিগ্রী লাভ করেছেন। এছাড়াও ক্যালিফোর্নিয়া গ্রাজুয়েট স্কুল অব থিওলজীতে তিনি পরিচর্যা কার্যে ডক্টরেট ডিগ্রীর জন্য আবশ্যকীয় কার্যাবলী সমাপ্ত করেছেন। তিনি ও তার স্ত্রী সান্দ্রা বেলজিয়ামের রোড-সেন্ট-জিনিসিতে বাস করেন। তাদের চারজন বিবাহিত সন্তান আমেরিকার যুক্ত রাষ্ট্রে বাস করেন।

## আপনার আই, সি, আই, শিক্ষক ঃ

আপনার শিক্ষক সম্ভাব্য সব রকম ভাবে আপনাকে সাহায্য করতে পারলে সুখী হবেন। পাঠ্য বিষয়, কিম্বা ছাত্র-রিপোর্ট সম্পর্কে কোন প্রশ্ন থাকলে তাকে জিজ্ঞাসা করুন।

যদি কয়েক জন মিলে এক সঙ্গে এই বিষয়টি অধ্যয়ন করতে চান তাহলে তাকে অনুরোধ করুন যেন দলগত ভাবে অধ্যয়নের বিশেষ বন্দোবস্ত করে দেন।

ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। এই পাঠ্য বিষয়টি যেন আপনার খ্রীষ্টিয় জীবন ও পরিচর্যাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যায় এবং খ্রীষ্ট দেহে ( মণ্ডলীতে ) আরও উপযুক্ত ভাবে কাজ করতে সাহায্য করে, এই প্রার্থনা করি।